গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ/৩০ মে, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং ১৫৯-আইন/২০১৯/২৮/কাস্টমস**।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উলিখিত, এর section 19 এর sub-section (1) এবং **মূল্য** সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) **এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত** Act এর FIRST SCHEDULE -ভুক্ত **পণ্যসমূহের** মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ **উল্লিখিত** Heading এর বিপরীতে কলাম (2) এ উলিখিত H.S. Code এর বিপরীতে কলাম (3) তে বর্ণিত উপকরণের উপর আরোপণীয় রেগুলেটরি ডিউটি ও **সম্পুরক** শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা :-

**TABLE**

| **Heading** | **H.S. Code** | **Description of goods** |
|---|---|---|
| **(1)** | **(2)** | **(3)** |
| 39.17 | 3917.23.90 | Tubes and pipes |
| 39.26 | 3926.90.99 | PVC Screen |
| 59.03 | 5903.10.90 | Textile fabrics, impregnated, coated, covered or laminated with PVC |
| | 5903.90.90 | Other Textile fabrics, impregnated, coated, covered or laminated with plastics |
| 60.06 | 6006.90.00 | Other knitted or crocheted fabrics |

<u>শর্তসমূহ</u>

১। এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধাপ্রাপ্ত প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীন পাদুকা প্রস্তুতকারক প্রতিষ্ঠান হিসাবে নিবন্ধিত হইতে হইবে।

২। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবশ্যই বাংলাদেশ পাদুকা প্রস্তুতকারক সমিতির সদস্যভুক্ত হইতে হইবে।

৩। উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধায় উপকরণ আমদানির অনুমোদনের জন্য চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর আবেদন করিতে হইবে এবং আবেদনটি বিবেচনার জন্য দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড এবং সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা কর্তৃক আবেদিত প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন ও যাচাইপূর্বক চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর "পরিশিষ্ট-১" অনুযায়ী একটি প্রতিবেদন দাখিল করিবেন।

৪। "পরিশিষ্ট-১" অনুযায়ী প্রাপ্ত প্রতিবেদনে প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা হইবে এবং উক্ত অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি প্রতিটি আমদানি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

৫। প্রতি একক পণ্য উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কি কি পণ্য বা উপকরণ কি পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য "পরিশিষ্ট-২" অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে। কমিশনার উক্ত সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন। পরিশিষ্ট-২ এর সত্যায়িত ফটোকপি প্রতিটি আমদানি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

৬। এই প্রজ্ঞাপনে উল্লিখিত উপকরণ "পরিশিষ্ট-২" অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক পাদুকা উৎপাদন করা হইতেছে কিনা উহা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার তাহার অধীনস্থ সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার মাধ্যমে প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিনে পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন।

৭। আমদানিকৃত পণ্য বা উপকরণ পাদুকা উৎপাদন ব্যতীত অন্য কোন কাজে ব্যবহার বা বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করা যাইবে না।

৮। কোন উৎপাদনকারী বা সংযোজনকারী এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে কাস্টমস আইন ও মূল্য সংযোজন কর আইনের বিধান অনুযায়ী ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

পরিশিষ্ট-১

## কারখানা পরিদর্শন প্রতিবেদন
[শর্ত ৩ ও ৪ দ্রষ্টব্য]

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ বিগত - - - - - - - খ্রিঃ তারিখ - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - নামীয় পাদুকা উৎপাদনকারী কারখানা সরেজমিন পরিদর্শন করি। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ, যথাঃ-

১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

২। মূসক নিবন্ধন নম্বর (BIN) :

৩। মালিক/স্বত্ত্বাধিকারীর নাম ও ঠিকানা (বর্তমান/স্থায়ী) :

৪। আয়কর সনদ নম্বর (TIN) :

৫। জমি ও ভবনের বিবরণ :

(ক) জমি ও ভবন নিজস্ব কিনা :

(খ) মোট জমির পরিমাণ :

(গ) কারখানা ভবনের (ওয়্যারহাউসসহ) আয়তনঃ

(ঘ) কারখানা ভবনের প্রকৃতি : (পাকা/সেমি পাকা/অন্যান্য) :

(ঙ) অফিস ভবনের আয়তন :

(চ) বিদ্যুৎ সংযোগ আছে কিনা :

৬। কারখানা ভবন ভাড়া হইলে ভাড়া চুক্তির কপিঃ

৭। স্থাপিত যন্ত্রপাতির বিবরণ :

৮। স্থাপিত যন্ত্রপাতি দ্বারা উৎপাদনযোগ্য পণ্যের বিবরণ :

৯। উৎপাদনযোগ্য পণ্যের উপকরণ-উৎপাদ সহগ সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটে দাখিল ও অনুমোদন করা হইয়াছে কিনা :

উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বর্ণিত প্রতিষ্ঠানটি স্থানীয়ভাবে পাদুকা উৎপাদনের লক্ষ্যে প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন করিয়াছে। প্রতিষ্ঠানটিকে প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৫৯-আইন/২০১৯/২৮/কাস্টমস, তারিখঃ ৩০/০৫/২০১৯ খ্রিঃ এর আওতায় উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত উপকরণ রেয়াতি সুবিধায় আমদানির অনুমোদন প্রদানের সুপারিশ করা হইল।

সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার
নাম ও স্বাক্ষর

তারিখ ঃ

দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড
নাম ও স্বাক্ষর

তারিখঃ

**পরিশিষ্ট-২**

[শর্ত ৫ ও ৬ দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

পাদুকা উৎপাদন কাজে আবশ্যক উপকরণ সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:
২। ঠিকানা:
৩। মূসক নিবন্ধন নম্বর:

| ক্রম নং | পণ্যের নাম ও এইচ. এস. কোড | একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণের নাম (এইচ.এস. কোডসহ) | অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণের প্রতিটির পরিমাণ | অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণের প্রতিটির পরিমাণ | অপচয়ের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের
স্বাক্ষর ও তারিখ

২। ইহা ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব